১৩

দৈনিক বাংলা

তারিখ 12 DEC 1993
পৃষ্ঠা ৮ কলাম ৭

# কৃষি ভার্সিটি কারিগরি অনুষদ ছাত্রদের প্রতীক অনশন

স্টাফ রিপোর্টার : ময়মনসিংহ, ১১ ডিসেম্বর।–বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় কারিগরি অনুষদের ছাত্র–ছাত্রীরা তাদের দু'দফা দাবীতে শনিবার বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরী ভবনের আমতলায় সকাল ৯টা থেকে তিন ঘন্টা প্রতীক অনশন পালন করে। প্রতীক অনশনে দেড় শতাধিক ছাত্র–ছাত্রী অংশগ্রহণ করে।

প্রতীক অনশন শেষে কারিগরি অনুষদ সমিতির সহসভাপতি শামসুজ্জামানের সভাপতিত্বে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে ১৮ ডিসেম্বর বিশ্ববিদ্যালয় প্রশাসনের সঙ্গে মতবিনিময় এবং ২১ ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হয়।